বাজেট=২০২২৭৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট-১ শাখা
www.mhapsd.gov.bd

## বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আমিনুল ইসলাম খান, সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ০২/০১/২০২৩, সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | : | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) বাজেট ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম ও কার্যপত্রের বিষয়বস্তু সভাকে অবহিত করেন।

০২। আলোচনা-১ : **চলতি ২০২২- ২০২৩ অর্থবছরের জন্য প্রযোজ্য আর্থিক বিষয়ে সরকারের নির্দেশনা বাস্তবায়ন পর্যালোচনা ও অনুমোদন:** জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরসমূহের প্রতিনিধির উপস্থিতিতে চলতি ২০২২- ২০২৩ অর্থবছরের জন্য প্রযোজ্য আর্থিক বিষয়ে সরকারের নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্তে অর্থ বিভাগ হতে জারিকৃত পরিপত্র প্রতিপালন করার বিষয়ে আলোচনা করা হয়।

০৩। আলোচনা-২ : **চলতি ২০২২- ২০২৩ অর্থবছরের সংশোধিত বাজেট (পরিচালন ও উন্নয়ন) এন্ট্রির যৌক্তিকতা পর্যালোচনা ও অনুমোদন:** জননিরাপত্তা বিভাগ ও দপ্তর/অধিদপ্তরের অনুকূলে ২০২২-২০২৩ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষমাত্রা, উন্নয়ন ও পরিচালন খাতে প্রস্তাবিত সংশোধিত বাজেট প্রণয়নে আইবাস সিস্টেমে যৌক্তিকভাবে এন্ট্রি করার বিষয়ে আলোচনা করা হয়।

০৪। আলোচনা-৩: চলতি ২০২২- ২০২৩ অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের অতিরিক্ত বাজেট বরাদ্দ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন বাংলাদেশ পুলিশ, আনসার ও ভিডিপি অধিদপ্তর এবং বাংলাদেশ কোস্ট গার্ড অতিরিক্ত বরাদ্দের বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করা হয়।

০৫। সভায় জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরসমূহের প্রতিনিধিগণ ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে অতিরিক্ত বরাদ্দের বিষয়ে পর্যায়ক্রমে নিম্নরূপভাবে সভাকে অবহিত করেন:

৫.১। সভায় বাংলাদেশ পুলিশ এর প্রতিনিধি অতিরিক্ত আইজিপি জনাব মো: শাহাবুদ্দিন খান জানান যে, চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের সংশোধিত বাজেটে সরকারের সকল নির্দেশনা প্রতিপালন করে বাজেট এন্ট্রি সম্পন্ন করা হয়েছে। তিনি চলতি ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে বাংলাদেশ পুলিশের পক্ষ হতে বিভিন্ন খাতে ছক-ক মোতাবেক ১৯১০,০২,১৬,০৯৯/- (এক হাজার নয়শত দশ কোটি দুই লক্ষ ষোল হাজার নিরানব্বই) টাকা অতিরিক্ত বরাদ্দের অনুরোধ জনান।

চলমান পাতা-২

ছক-ক

| ক্রমিক নং | অর্থনৈতিক কোডের বিবরণ | ২০২২-২৩ অর্থবছরের বাজেট | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে বাংলাদেশ পুলিশের অতিরিক্ত চাহিদা |
|---|---|---|---|
| ১ | ৩২৪৩১০১-পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট | ৪৭৬,২৭,০৩,০০০/- | ২০৪,৮০,৬৯,৩৬০/- |
| ২ | ৩২৪৪১০১-ভ্রমণ ব্যয় | ৬২৭,৯১,০১,০০০/- | ২৩৪,২০,৮৮,০০০/- |
| ৩ | ৩২৫৩১০১-অস্ত্র ও গোলাবারুদ | ২১০,০০,০০,০০০/- | ৪০৪,২৩,২৩,৮৩৯/- |
| ৪ | ৩২৫৩১০২-নিরাপত্তা সামগ্রী | ৪০,৯৩,০০,০০০/- | ৭৭,৫০,০০,০০০/- |
| ৫ | ৪১১২১০১-মোটরযান | ১৩০,০০,০০,০০০/- | ১৫০,৬০,০০,০০০/- |
| ৬ | ৪১১২২০৩-বেতার সরঞ্জামাদি | ৬২,৬৯,৬৯,০০০/- | ৮০,৬০,০০,০০০/- |
| ৭ | ৪১১২৩১৬-অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ৩১৮,৮২,০৩,০০০/- | ৬৫,০০,০০,০০০/- |
| ৮ | ৪১১৩৩০১-কম্পিউটার সফ্টওয়্যার | ৯,৭৯,৮০,০০০/- | ৭,০৬,০০,০০০/- |
| ৯ | **এসবি**<br>৪১১২২০৫-তথ্য যোগাযোগ প্রযুক্তি সরঞ্জামাদি<br>৪১১৩৩০১-কম্পিউটার সফ্টওয়্যার | ৯,৭৯,৮০,০০০/- | ১১৯,২৯,১৪,৯০০/-<br>৯০,০৮,১৪,৯০০/-<br>২৮,৪১,০০,০০০/- |
| ১০ | ৩২১১১১৩-বিদ্যুৎ | ১২২,৩৮,১১,০০০/- | ৪৬,০০,০০,০০০/- |
| ১১ | ৩২১১১২৯-অফিস ভবন ভাড়া | ২২,১২,২৩,০০০/- | ১২,০০,০০,০০০/- |
| ১২ | ৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানী | ৬,০৯,৮৬,০০০/- | ৫,০০,০০,০০০/- |
| ১৩ | ৩২৫২১০৫-চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি | ১৫২,৯১,০০,০০০/- | ৭০,০০,০০,০০০/- |
| ১৪ | ৩২৫৪১০২-খাদ্য দ্রব্য | ৭৭০,২৭,৯৩,০০০/- | ৮০,০০,০০,০০০/- |
| ১৫ | ৩২৫৬১০৫-কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ | ১১৩,৫৯,০১,০০০/- | ২০,২৯,৫৭,০০০/- |
| ১৬ | ৩২৫৬১০৬-পোশাক | ৪৪৮,৫৭,২৪,০০০/- | ৮৪,৬৬,৮৩,০০০/- |
| ১৭ | ৩২৫৭১০২-গোয়েন্দা | ৩১০,০৯,১১,০০০/- | ৬৬,২২,৬৮,০০০/- |
| ১৮ | ৩২৫৭২০৬-ডাটা সংরক্ষণ ব্যয় | ৩,৫০,০০,০০০/- | ২৫,০০,০০,০০০/- |
| ১৯ | ৩২৫৮১০৬-আবাসিক ভবন | ৩৩,০০,০০,০০০/- | ৪,৯৫,০০,০০০/- |
| ২০ | ৩২৫৮১০৭-অনাবাসিক ভবন | ৪১,৯০,০০,০০০/- | ৬,২৮,৫০,০০০/- |
| ২১ | ৩২৫৮১০৮-অন্যান্য ভবন ও স্থাপনা | ২৫,০০,০০,০০০/- | ৩,৭৫,০০,০০০/- |
| ২২ | ৩২৫৮১১৬-সিগন্যাল/ওয়ারলেস সরঞ্জামাদি | ১৩,০৬,৭৭,০০০/- | ৪০,৫০,৬২,০০০/- |
| ২৩ | ৩৮২১১০৩-পৌরকর | ১৮,০৯,৮১,০০০/- | ১২,০০,০০,০০০/- |
| ২৪ | ৪১১১১০১-আবাসিক ভবন | ২৭০,০০,০০,০০০/- | ১০,০৫,২০,০০০/- |
| ২৫ | ৪১১১২০১-অনাবাসিক ভবন | ৩৪৮,০৭,৪৬,০০০/- | ১৯,৫৪,৮০,০০০/- |
| ২৬ | ৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ/ক্রয় | ২৪০,০০,০০,০০০/- | ৬০,০০,০০,০০০/- |
| | মোট | ৫০২৮,৩১,৬৪,০০০/- | ১৯১০,০২,১৬,০৯৯/- |

৫.২। সভায় বিজিবির প্রতিনিধি অতিরিক্ত মহাপরিচালক জনাব বেনজীর আহমেদ জানান যে, বর্ডার গার্ড বাংলাদেশ এর চলতি ২০২২-২০২৩ অর্থবছরে অতিরিক্ত অর্থের চাহিদা নেই। তবে ৩২৪৩১০১- পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট খাতের ২০% অর্থ এবং ৩২৪৪১০১- ভ্রমণ ব্যয় খাতের ৫০% স্থগিতাদেশ প্রত্যাহারসহ সমুদয় অর্থ ব্যয়ের অনুমতি প্রদানের জন্য সভাকে অবহিত করেন।

৫.৩। বাংলাদেশ কোস্ট গার্ড এর প্রতিনিধি উপপরিচালক (বাজেট) জনাব সাজিদ আতাউর রহমান জানান যে, চলতি ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে বাংলাদেশ কোস্ট গার্ডের পক্ষ হতে বিভিন্ন খাতে ১৫১,৮৪,১৩,০০০/- (একশত একান্ন কোটি চুরাশি লক্ষ তের হাজার) টাকা ছক-খ মোতাবেক অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব এবং ৩২৪৩১০১- পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট খাতের ২০% অর্থ এবং ৩২৪৪১০১- ভ্রমণ ব্যয় খাতের ৫০% স্থগিতাদেশ প্রত্যাহারপূর্বক সমূদয় অর্থ ব্যয় করার জন্য অনুরোধ জানান।

ছক-খ

| ক্র: নং | অর্থনৈতিক কোডের বিবরণ | ২০২২-২৩ অর্থবছরের বাজেট | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে অতিরিক্ত চাহিদা |
|---|---|---|---|
| ১ | ৩২৪৩১০১-পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট | ৫৮,১৫,৯২,০০০/- | ৪০,০০,০০,০০০/- |
| ২ | ৩২৫৩১০১-অস্ত্র ও গোলাবারুদ | ৪৫,০০,০০০/- | ৬,৪৮,০০,০০০/- |
| ৩ | ৩২৫৬১০৫-কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ | ১৫,৫০,০০,০০০/- | ৭,০০,০০,০০০/- |
| ৪ | ৩২৫৬১০৬-পোশাক | ১০,০০,০০,০০০/- | ৫,০০,০০,০০০/- |
| ৫ | ৩২৫৮১২৮- জলযান (মেরামত) | ৩২,০০,০০,০০০/- | ১০,০০,০০,০০০/- |
| ৬ | ৪১১২৩১৬-অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ৫০,০০,০০,০০০/- | ৬৯,৮০,০০,০০০/- |
| | ৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ/ক্রয় | ২৪০,০০,০০,০০০/- | ৬০,০০,০০,০০০/- |
| | | সর্বমোট= | ১৫১,৮৪,১৩,০০,০০০/- |

৫.৪। বাংলাদেশ আনসার ও ভিডিপির প্রতিনিধি উপ মহাপরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ রফিকুল হাসান চলতি ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে বাংলাদেশ আনাসার ও ভিডিপির পক্ষ হতে বিভিন্ন খাতে ছক-গ মোতাবেক ২৪১,৩৯,২০,৮৫৭/- (দুইশত একচল্লিশ কোটি উনচল্লিশলক্ষ বিশ হাজার আটশত সাতান্ন) টাকা অতিরিক্ত বরাদ্দসহ ৩২৪৩১০১- পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট খাতের ২০% অর্থ এবং ৩২৪৪১০১- ভ্রমণ ব্যয় খাতের ৫০% স্থগিতাদেশ প্রত্যাহারপূর্বক সমুদয় অর্থ ব্যয় করার অনুরোধ জানান।

ছক-গ

| ক্রমিক নং | অর্থনৈতিক কোডের বিবরণ | ২০২২-২৩ অর্থবছরের বাজেট | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে অতিরিক্ত চাহিদা |
|---|---|---|---|
| ১ | ৩২৫৩১০১-অস্ত্র ও গোলাবারুদ | ৩০,০০,০০,০০০/- | ১২৩,২৬,২০,৮৫৭/- |
| ২ | ৩২৫৬১০৬-পোশাক | ৫৬,৭০,০০,০০০/- | ১০০,০০,০০,০০০/- |
| ৩ | ৩২৫৩১০২-নিরাপত্তা সামগ্রী | ৩,০০,০০,০০০/- | ১৮,১৩,০০,০০০/- |
| | | সর্বমোট= | ২৪১,৩৯,২০,৮৫৭/- |

চলমান পাতা-৩

৫.৫। আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুন্যাল ও তদন্ত সংস্থার প্রতিনিধি উপপরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব মোঃ আতাউর রহমান জানান যে, চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের সংশোধিত বাজেটে অর্থ বিভাগের চাহিদা ও নির্দেশনার সমন্বয় করেই বাজেট এন্ট্রি সম্পন্ন করা হয়েছে। বর্তমানে আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুন্যাল ও তদন্ত সংস্থার অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব নেই।

৫.৬। এনটিএমসি'র প্রতিনিধি অতিরিক্ত পরিচালক (প্রশাসন) জনাব এ জে এম এরশাদ আহসান হাবিব জানান যে, চলতি ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এনটিএমসি'র অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব নেই।

০৬। দপ্তর/অধিদপ্তরের অতিরিক্ত চাহিদার বিষয়ে সভাপতি সম্পদের সীমাবদ্ধতার বিষয়টি সকলকে স্মরণ করিয়ে দেন। চলমান আর্থিক অবস্থাসহ সার্বিক বিষয় বিবেচনায় রেখে মিতব্যয়িতার সাথে দক্ষতা ও ফলপ্রসু কর্মপদ্ধতি অনুসরণ করে দায়িত্ব পালনের জন্য সকলকে আহবান জানান। তিনি সরকার কর্তৃক জারিকৃত পরিপত্রের নির্দেশনা প্রতিপালন করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। তাছাড়া অর্থ বিভাগ কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন এবং স্ব-স্ব অধিক্ষেত্রের রাজস্ব আয় বৃদ্ধির ক্ষেত্র চিহ্নিত করে সরকারের নির্বাহী আদেশের মাধ্যমে রাজস্ব বৃদ্ধির পরিকল্পনা গ্রহণ করার জন্য অনুরোধ জানান।

০৭। <u>সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়</u> :

৭.১ চলতি ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে রাজস্ব প্রাপ্তির লক্ষমাত্রা, উন্নয়ন ও পরিচালন খাতের বাজেট প্রণয়নে অর্থ বিভাগের পরিপত্র ও নির্দেশনসমুহ প্রতিপালন করতে হবে;

৭.২ চলতি ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে পরিচালন খাতে বাংলাদেশ পুলিশের অনুকূলে ৯৭৪,৩৫,৬৪,০০০/- (নয়শত চুয়াত্তর কোটি পঁয়ত্রিশ লক্ষ চৌষট্টি হাজার) টাকা নিম্নবর্ণিত ছক-ক মোতাবেক বরাদ্দের জন্য সুপারিশ করা হল।

**<u>ছক-ক</u>**

| ক্র: নং | অর্থনৈতিক কোডের বিবরণ | ২০২২-২৩ অর্থবছরের বাজেট | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে বাংলাদেশ পুলিশের অতিরিক্ত চাহিদা | জননিরাপত্তা বিভাগের সুপারিশ |
|---|---|---|---|---|
| ১ | ৩২৪৩১০১-পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট | ৪৭৬,২৭,০৩,০০০/- | ২০৪,৮০,৬৯,৩৬০/- | মূল্য বৃদ্ধির প্রেক্ষাপটে ২০% স্থগিতাদেশ প্রত্যাহার করে সমুদয় অর্থ ব্যয়ের অনুমোদনের সুপারিশ করা হল। |
| ২ | ৩২৪৪১০১-ভ্রমণ ব্যয় | ৬২৭,৯১,০১,০০০/- | ২৩৪,২০,৮৮,০০০/- | পুলিশের অপারেশনাল মুভমেন্ট নিয়মিত রাখার স্বার্থে ৫০% স্থগিতাদেশ প্রত্যাহারসহ অতিরিক্ত বরাদ্দের সুপারিশ করা হল (গত ০৫/১২/২০২২ তারিখের ২৪৯ নং পত্রের মাধ্যমে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। |
| ৩ | ৩২৫৩১০১-অস্ত্র ও গোলাবারুদ | ২১০,০০,০০,০০০/- | ৪০৪,২৩,২৩,৮৩৯/- | সিডি ভ্যাটের বকেয়া পরিশোধের স্বার্থে ৪০৪ কোটি ২৩ লক্ষ ২৪ হাজার টাকা অতিরিক্ত বরাদ্দের সুপারিশ করা হল। |
| ৪ | ৩২৫৩১০২-নিরাপত্তা সামগ্রী | ৪০,৯৩,০০,০০০/- | ৭৭,৫০,০০,০০০/- | আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে অগ্রাধিকার বিবেচনায় ৭৭ কোটি ৫০ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দের সুপারিশ করা হল। |
| ৫ | ৪১১২১০১-মোটরযান | ১৩০,০০,০০,০০০/- | ১৫০,৬০,০০,০০০/- | জাতিসংঘ শান্তিরক্ষা মিশনের জন্য মোটরযান ক্রয়ের নিমিত্ত মোটরযান খাতে বরাদ্দকৃত অর্থ হতে ৬৫ কোটি টাকা ব্যয়ের অনুমতি প্রদানের সুপারিশ করা হল। |
| ৬ | ৪১১২২০৩-বেতার সরঞ্জামাদি | ৬২,৬৯,৬৯,০০০/- | ৮০,৬০,০০,০০০/- | আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে অগ্রাধিকার বিবেচনায় ৮০ কোটি ৬০ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দের সুপারিশ করা হল। |
| ৭ | ৪১১২৩১৬-অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ৩১৮,৮২,০৩,০০০/- | ৬৫,০০,০০,০০০/- | অর্থ ব্যয়ে স্থগিতাদেশ থাকায় সুপারিশ করা গেল না। |
| ৮ | ৪১১৩৩০১-কম্পিউটার সফ্টওয়্যার | ৯,৭৯,৮০,০০০/- | ৭,০৬,০০,০০০/- | ৭ কোটি ৬ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দের সুপারিশ করা হল। |
| ৯ | **<u>এসবি</u>**<br>৪১১২২০৫-তথ্য যোগাযোগ প্রযুক্তি সরঞ্জামাদি<br>৪১১৩৩০১-কম্পিউটার সফ্টওয়্যার | ০<br>৯,৭৯,৮০,০০০/- | ১১৯,২৯,১৪,৯০০/-<br>৯০,০৮,১৪,৯০০/-<br>২৮,৪১,০০,০০০/- | এসবি'র বরাদ্দের প্রস্তাবটি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ৩য় টার্মিনালের ইমিগ্রেশন সংক্রান্ত। বিষয়টি সুরক্ষা সেবা বিভাগের কর্মপরিধিভুক্ত হওয়ায় নিস্পত্তির জন্য সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ১০ | ৩২১১১১৩-বিদ্যুৎ | ১২২,৩৮,১১,০০০/- | ৪৬,০০,০০,০০০/- | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের স্বার্থে ৪৬ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের সুপারিশ করা হল। |
| ১১ | ৩২১১১২৯-অফিস ভবন ভাড়া | ২২,১২,২৩,০০০/- | ১২,০০,০০,০০০/- | ভাড়াকৃত অফিস ভবনের ভাড়া পরিশোধের স্বার্থে ১২ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের সুপারিশ করা হল। |
| ১২ | ৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানী | ৬,০৯,৮৬,০০০/- | ৫,০০,০০,০০০/- | মূল্য বৃদ্ধির প্রেক্ষাপটে ২০% স্থগিতাদেশ প্রত্যাহার করে সমুদয় অর্থ ব্যয়ের অনুমোদনের সুপারিশ করা হল। |
| ১৩ | ৩২৫২১০৫-চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি | ১৫২,৯১,০০,০০০/- | ৭০,০০,০০,০০০/- | ১০ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের সুপারিশ করা হল। |
| ১৪ | ৩২৫৪১০২-খাদ্য দ্রব্য | ৭৭০,২৭,৯৩,০০০/- | ৮০,০০,০০,০০০/- | রেশন কার্যক্রম অব্যাহত রাখতে ৮০ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের সুপারিশ করা হল। |
| ১৫ | ৩২৫৬১০৫-কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ | ১১৩,৫৯,০১,০০০/- | ২০,২৯,৫৭,০০০/- | ২০ কোটি ২৯ লক্ষ ৫৭ হাজার টাকা অতিরিক্ত বরাদ্দের সুপারিশ করা হল। |

চলমান পাতা-০৪

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | ৩২৫৬১০৬-পোশাক | ৪৪৮,৫৭,২৪,০০০/- | ৮৪,৬৬,৮৩,০০০/- | ৮৪ কোটি ৬৬ লক্ষ ৮৩ হাজার টাকা অতিরিক্ত বরাদ্দের সুপারিশ করা হল। |
| ১৭ | ৩২৫৭১০২-গোয়েন্দা | ৩১০,০৯,১১,০০০/- | ৬৬,২২,৬৮,০০০/- | ৫০ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের সুপারিশ করা হল। |
| ১৮ | ৩২৫৭২০৬-ডাটা সংরক্ষণ ব্যয় | ৩,৫০,০০,০০০/- | ২৫,০০,০০,০০০/- | ৫ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের সুপারিশ করা হল। |
| ১৯ | ৩২৫৮১০৬-আবাসিক ভবন | ৩৩,০০,০০,০০০/- | ৪,৯৫,০০,০০০/- | অর্থ ব্যয়ে স্থগিতাদেশ থাকায় সুপারিশ করা গেল না। |
| ২০ | ৩২৫৮১০৭-অনাবাসিক ভবন | ৪১,৯০,০০,০০০/- | ৬,২৮,৫০,০০০/- | অর্থ ব্যয়ে স্থগিতাদেশ থাকায় সুপারিশ করা গেল না। |
| ২১ | ৩২৫৮১০৮-অন্যান্য ভবন ও স্থাপনা | ২৫,০০,০০,০০০/- | ৩,৭৫,০০,০০০/- | অর্থ ব্যয়ে স্থগিতাদেশ থাকায় সুপারিশ করা গেল না। |
| ২২ | ৩২৫৮১১৬-সিগন্যাল/ ওয়ারলেস সরঞ্জামাদি | ১৩,০৬,৭৭,০০০/- | ৪০,৫০,৬২,০০০/- | আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে অগ্রাধিকার বিবেচনায় ২০ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের সুপারিশ করা হল। |
| ২৩ | ৩৮২১১০৩-পৌরকর | ১৮,০৯,৮১,০০০/- | ১২,০০,০০,০০০/- | পৌরকর পরিশোধের স্বার্থে ১২ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের সুপারিশ করা হল। |
| ২৪ | ৪১১১১০১-আবাসিক ভবন | ২৭০,০০,০০,০০০/- | ১০,০৫,২০,০০০/- | অর্থ ব্যয়ে স্থগিতাদেশ থাকায় সুপারিশ করা গেল না। |
| ২৫ | ৪১১১২০১-অনাবাসিক ভবন | ৩৪৮,০৭,৪৬,০০০/- | ১৯,৫৪,৮০,০০০/- | অর্থ ব্যয়ে স্থগিতাদেশ থাকায় সুপারিশ করা গেল না। |
| ২৬ | ৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ/ক্রয় | ২৪০,০০,০০,০০০/- | ৬০,০০,০০,০০০/- | অর্থ ব্যয়ে স্থগিতাদেশ থাকায় সুপারিশ করা গেল না। |
| | মোট | ৫০২৮,৩১,৬৪,০০০/- | ১৯১০,০২,১৬,০৯৯/- | ৯৭৪,৩৫,৬৪,০০০/- |

৭.৩ চলতি ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে পরিচালন খাতে বাংলাদেশ কোস্ট গার্ড এর ২৫,৪৮,০০,০০০/- (পঁচিশ কোটি আটচল্লিশ লক্ষ) টাকা নিম্নবর্ণিত ছক-খ মোতাবেক বরাদ্দের জন্য সুপারিশ করা হল।

**ছক-খ**

| ক্রমিক নং | অর্থনৈতিক কোডের বিবরণ | ২০২২-২৩ অর্থবছরের বাজেট | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে বাংলাদেশ কোস্ট গার্ডের অতিরিক্ত চাহিদা | জননিরাপত্তা বিভাগের সুপারিশ |
|---|---|---|---|---|
| ১ | ৩২৪৩১০১-পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট | ৫৮,১৫,৯২,০০০/- | ৪০,০০,০০,০০০/- | মূল্য বৃদ্ধির প্রেক্ষাপটে ২০% স্থগিতাদেশ প্রত্যাহার করে সমুদয় অর্থ ব্যয়ের অনুমোদনের সুপারিশ করা হল। |
| ২ | ৩২৫৩১০১-অস্ত্র ও গোলাবারুদ | ৪৫,০০,০০০/- | ৬,৪৮,০০,০০০/- | গত দুই বছরে কোন কেনাকাটা না হওয়ায় বাজেট বরাদ্দ কম থাকলেও বর্তমান অর্থবছরে এএফডি এর মাধ্যমে জরুরি কেনাকাটার নিমিত্ত ৬ কোটি ৪৮ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দের সুপারিশ করা হল। |
| ৩ | ৩২৫৬১০৫-কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ | ১৫,৫০,০০,০০০/- | ৭,০০,০০,০০০/- | অপারেশনাল কার্যক্রম স্বাভাবিক রাখতে চলমান ১৭ টি জাহাজের মেরামত সম্পন্ন করার নিমিত্ত ৪ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের সুপারিশ করা হল। |
| ৪ | ৩২৫৬১০৬-পোশাক | ১০,০০,০০,০০০/- | ৫,০০,০০,০০০/- | ৫ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের সুপারিশ করা হল। |
| ৫ | ৩২৫৮১২৮- জলযান (মেরামত) | ৩২,০০,০০,০০০/- | ১০,০০,০০,০০০/- | Notification of Award জারি হওয়ায় মূল্য পরিশোধের স্বার্থে ১০ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের সুপারিশ করা হল। |
| ৬ | ৪১১২৩১৬-অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ৫০,০০,০০,০০০/- | ৬৯,৮০,০০,০০০/- | আগামী অর্থবছরে অর্থ বরাদ্দের সুপারিশ করা হল। |
| | ৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ/ক্রয় | ২৪০,০০,০০,০০০/- | ৬০,০০,০০,০০০/- | অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী সুপারিশ করা গেল না। |
| | | সর্বমোট= | ১৫১,৮৪,১৩,০০,০০০/- | ২৫,৪৮,০০,০০০/- |

৭.৪ চলতি ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে পরিচালন খাতে আনসার ও ভিডিপি অধিদপ্তরের অনুকূলে ১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা নিম্নবর্ণিত ছক-গ মোতাবেক অতিরিক্ত বরাদ্দের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

ছক-গ

| ক্র: নং | অর্থনৈতিক কোডের বিবরণ | ২০২২-২৩ অর্থবছরের বাজেট | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে আনাসর ও ভিডিপি অধিদপ্তরের অতিরিক্ত চাহিদা | জননিরাপত্তা বিভাগের সুপারিশ |
|---|---|---|---|---|
| ১ | ৩২৫৩১০১-অস্ত্র ও গোলাবারুদ | ৩০,০০,০০,০০০/- | ১২৩,২৬,২০,৮৫৭/- | সুপারিশ করা গেল না। |
| ২ | ৩২৫৬১০৬-পোশাক | ৫৬,৭০,০০,০০০/- | ১০০,০০,০০,০০০/- | আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে ডিউটি পালন করবেন এমন সদস্যদের জন্য পোষাক ক্রয়ের নিমিত্ত ১০০ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের সুপারিশ করা হল। |
| ৩ | ৩২৫৩১০২-নিরাপত্তা সামগ্রী | ৩,০০,০০,০০০/- | ১৮,১৩,০০,০০০/- | সুপারিশ করা গেল না। |

বাজেট=২০২২২৭৮

নম্বর ৪৪.০০.০০০০.০২৪.২০.০৬৬.২০২২-

তারিখ: ২০ পৌষ ১৪২৯ ব: / ০৪ জানুয়ারি,২০২৩ খ্রি:

১। ---------------------------------------------------------------------------------------------------দপ্তর/অধিদপ্তর প্রধান সকল।
২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ/ আনসার/পুলিশ ও এনটিএমসি/ রাজনৈতিক ও আইসিটি/ আইন ও-শৃংখলা/উন্নয়ন জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। অতিরিক্ত সচিব(বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৬। যুগ্মসচিব---------------------------------------------------------- জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৭। উপসচিব (প্রশাসন-২), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা,ঢাকা।
৯। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(বিকাশ বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৫৫১০০৮৪৯

নম্বর ৪৪.০০.০০০০.০২৪.২০.০৬৬.২০২২- ২৯৩/৭(৪)

তারিখ: ২০ পৌষ ১৪২৯ ব: / ০৪ জানুয়ারি,২০২৩ খ্রি:

অনুলিপিঃ-সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। যুগ্মসচিব (বাজেট) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

০৪/০১/২০২৩
(বিকাশ বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব